আইসিটি বিষয়ক জেলা কমিটির সভার মার্চ-২০২২ এর কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | বিশ্বাস রাসেল হোসেন<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২০ মার্চ ২০২২ |
| সভার সময় | বেলা ১২:১৫ টা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, পাবনা |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট ‘ক’-তে দেখানো হলো। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর গত মাসের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করতে তিনি প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, পাবনা কে অনুরোধ জানান। প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, পাবনা গত মাসের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি তুলে ধরেন। তিনি বলেন ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে একটি অন্যতম পদসোপান ই-নথির যথোপযোগী ব্যবহার ও বাস্তবায়ন। লাইভে থাকা অফিসসমূহকে ই-নথির ব্যবহার বৃদ্ধি ও সন্তোষজনক পর্যায়ে রাখার ব্যাপারে তৎপর হতে বলেছেন। ওয়েব পোর্টাল নিয়মিত আপডেট রাখতে বলেন। দুর্বল অবস্থানে থাকা অফিসসমূহকে তিনি তাদের বর্তমান অবস্থা সম্পর্কে অবহিত করেন ও সবল অবস্থানে থাকা অফিসগুলোকে তিনি অভিনন্দন জানান। তিনি আরো বলেন, ডিজিটাল সেন্টারগুলো সম্পর্কে মানুষ জানতে পারছে এবং সেবা গ্রহীতার সংখ্যা ধীরে ধীরে বাড়ছে। দাপ্তরিক ই-মেইলের ব্যবহার নিয়মিত করার সফল উদ্যোগ নিতে ও বাস্তবায়ন করতে বলেছেন।

সভাপতি বলেন, আইসিটি আধুনিক বিশ্বের মূল চালিকাশক্তি। আইসিটি ব্যবহার ছাড়া বর্তমান গতিশীল বিশ্বের সাথে তাল মিলিয়ে উন্নয়ন অগ্রযাত্রা সম্ভব নয়। ডিজিটাল বাংলাদেশ গড়তে হলে সবাইকে আইসিটি ব্যবহারে আরও অগ্রগামী হতে হবে। অতঃপর তিনি করোনা ভাইরাস বিস্তার রোধে সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার উপর গুরুত্ব আরোপ করে জেলার আইসিটি কার্যক্রমকে আরও গতিশীল ও কার্যকর করার জন্য সভায় নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | তথ্য বাতায়নসমূহ হাল-নাগাদ করা | জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল তথ্যবহুল এবং সর্বদা হাল-নাগাদ রাখা একটি চলমান প্রক্রিয়া। বাতায়নসমূহ শতভাগ হাল-নাগাদ রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়। | জেলা, উপজেলা এবং ইউনিয়নের সকল দপ্তর তাদের স্ব স্ব ওয়েব পোর্টালের তথ্যাদি নিয়মিতভাবে হালনাগাদ করবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পাবনা এর প্রোগ্রামার এবং সহকারী প্রোগ্রামার (সকল) কে প্রয়োজনীয় কারিগরি সহযোগীতা প্রদানের অনুরোধ করা হয়। | জেলা, উপজেলা এবং ইউনিয়নের সংশ্লিষ্ট দপ্তর প্রধান প্রোগ্রামার সহকারী প্রোগ্রামার (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | ই-নথি বাস্তবায়ন | পাবনা জেলা পর্যায়ে ৫১ টি এবং উপজেলা পর্যায়ে ৮৬ টি দপ্তরে ই-নথি কার্যক্রম চালু আছে। ই-নথি এর আপগ্রেডেশন এর কারণে অবস্থান নির্ণয় কার্যক্রম আপাতত বন্ধ আছে। এ বিষয়ে এটুআই কে অবহিত করা হয়েছে। | ম্যানুয়াল নথির পরিবর্তে ই-নথি কার্যক্রমকে অগ্রাধিকার প্রদান করতে হবে এবং কোনো নথি অনিষ্পন্ন রাখা যাবে না। এ বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পাবনা এর প্রোগ্রামার এবং সহকারী প্রোগ্রামার (সকল) কে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল) |
| ৩ | পৌরসভা/ ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহ নিয়মিত মনিটরিং করা | ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ নিয়মিত সেবা প্রদান করছেন কিনা এবং তাদের আয়ের রিপোর্ট একসেবা সিস্টেমে নিয়মিত প্রদান করছে কিনা তা নিয়মিত মনিটরিং করা প্রয়োজন। | ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ নিয়মিত সেবা প্রদান করছেন কিনা এবং তাদের আয়ের রিপোর্ট একসেবা সিস্টেমে নিয়মিত প্রদর্শনকরছে কিনা তা নিয়মিত মনিটরিং করার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পাবনা এর প্রোগ্রামার এবং সহকারী প্রোগ্রামার (সকল) কে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) প্রোগ্রামার সহকারী প্রোগ্রামার (সকল) |
| ৪ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম পরিদর্শন | জেলায় ৬৫ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব আছে। ল্যাবসমূহ যথাযথ ভাবে ব্যবহার করা হচ্ছে কিনা তা প্রতি মাসে পরিদর্শন ও মনিটরিং করা প্রয়োজন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)” এর আওতায় পাবনা জেলায় ৮৯টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর রেনোভেশনের শতভাগ কাজ সমাপ্ত হয়েছে এবং ০৫ টি শেখ রাসেল স্কুল অব ফিউচার স্থাপনের কার্যক্রম চলমান আছে। | শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ ও ক্লাসরুম যথাযথ ভাবে ব্যবহার করা হচ্ছে কিনা তা প্রতি মাসে পরিদর্শন ও মনিটরিং করার জন্য জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, প্রোগ্রামার এবং সহকারী প্রোগ্রামার (সকল) কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রোগ্রামার সহকারী প্রোগ্রামার (সকল) |
| ৫ | মাল্টিমিডিয়া ক্লাশরুম কার্যক্রম মনিটরিং করা | জেলার প্রায় সকল বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম চালু আছে। প্রত্যেকটি বিদ্যালয়ের মাল্টিমিডিয়া ক্লাস এর রিপোর্ট ড্যাশবোর্ডে নিয়মিত আপলোড নিশ্চিত করতে হবে। | বিদ্যালয়গুলোতে নিয়মিত মাল্টিমিডিয়া ক্লাসের মাধ্যমে পাঠদান হয় কিনা সেটা মনিটরিং করার সাথে সাথে ড্যাশবোর্ডে রিপোর্ট দিচ্ছে কিনা তা প্রতি মাসে মনিটরিং করার জন্য জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | দাপ্তরিক ইমেইল ব্যবহার | দাপ্তরিক ইমেইল এর যথাযথ ব্যবহার | দাপ্তরিক ইমেইল নীতিমালা অনুসরণ করে সকল দপ্তরকে ইমেইল যথাযথ ব্যবহার করার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান |
| ৭ | ইনফো সরকার ফেইজ ২ ও ফেইজ ৩ | ইনফো সরকার-৩ এর প্রকল্পের আওতায় পাবনা জেলার ৪০ টি ইউনিয়নে উচ্চ গতির ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান সম্পন্ন হয়েছে এবং ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার (আইএসপি)দের সংযোগ দেওয়ার কাজ চলমান আছে। কানেক্টটেড বাংলাদেশ এর প্রকল্পের আওতায় দূর্গম ১৪ টি ইউনিয়নে উচ্চ গতির ইন্টারনেট কানেক্টিভিটি প্রদানের লক্ষ্যে সংযোগ স্থাপনের কাজ চলমান রয়েছে। | উক্ত ইন্টারনেট কানেক্টিভিটি সচল রাখার জন্য জেলা প্রতিনিধি ফাইবার এট হোম কে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) ফাইবার এট হোম |
| ৮ | তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ সম্পন্নকরণ | তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী প্রত্যেক দপ্তর/ প্রতিষ্ঠানে একজন করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। কোনো কর্মকর্তা বদলী হলে নতুন করে তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ পূর্বক প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। | তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী প্রত্যেক দপ্তর/ প্রতিষ্ঠানের নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মধ্যে যারা এখনও অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করেননি তাদের দ্রুত উক্ত প্রশিক্ষণ গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানের জন্য প্রোগ্রামার এবং সহকারী প্রোগ্রামার (সকল) কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান প্রোগ্রামার সহকারী প্রোগ্রামার (সকল) |
| | | | | |
| ৯ | ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প(EDC) | ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় পাবনা জেলার সকল প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয় এবং কমিউনিটি ক্লিনিং ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ স্থাপনের জন্য তথ্য সংগ্রহের কাজ চলমান আছে। নতুন করে পাবনা জেলার সকল ইউনিয়ন ভূমিকে তালিকাভুক্ত করতে হবে। | সকল প্রতিষ্ঠান কে তালিকাভূক্ত করতে হবে | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার (সকল) |
| ১০ | সুরক্ষা: কোভিড-১৯ ভ্যাকসিন ম্যানেজমেন্ট সফটওয়্যারে নাগরিকদের তথ্য সংশোধন | আইসিটি অধিদপ্তরের জেলা কার্যালয় হতে সুরক্ষা ওয়েবসাইটে প্রদত্ত নাগরিকদের তথ্য সংশোধনের কার্যক্রম বর্তমানে চলমান আছে। এখন পর্যন্ত তথ্য সংশোধনের জন্য ৩৫৫ টি আবেদন পাওয়া গিয়াছে এবং সকল তথ্য সংশোধন করা হয়েছে | প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পাবনা কে প্রয়োজনীয় কারিগরি সহযোগীতা প্রদানের  অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট ব্যক্তি প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পাবনা। |
| ১১ | সুরক্ষা: কোভিড-১৯ করোনা ভ্যাকসিন নিবন্ধন | সুরক্ষা: কোভিড-১৯ করোনা ভ্যাকসিন নিবন্ধন https://surokkha.gov.bd/ সাইট এ বিনামূল্যে ভ্যাকসিনের নিবন্ধন কার্যক্রম চলমান আছে | প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানের জন্য প্রোগ্রামার এবং সহকারী প্রোগ্রামার (সকল) কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট ব্যক্তি, প্রোগ্রামার এবং সহকারী প্রোগ্রামার (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | প্রশিক্ষণ কর্মসূচী | ২০২০-২০২১ অর্থ বছরে আইসিটি অধিদপ্তর ও এটুআই এর অর্থায়নে আয়োজিত ই-নথি/ডি-নথি প্রশিক্ষণে জেলা পর্যায়ে ৩১০ জন ও উপজেলা পর্যায়ে ৫৭০ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহারের মাধ্যমে ছাত্রছাত্রীদের আইসিটি বা প্রোগ্রামিং প্রশিক্ষণে ৭টি ব্যাচে মোট ২১০জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | ভবিষতে শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহার করে অধিক সংখ্যক ছাত্রছাত্রীদের আইসিটি বা প্রোগ্রামিং প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | প্রোগ্রামার সহকারী প্রোগ্রামার (সকল) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

বিশ্বাস রাসেল হোসেন
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ৫৬.০৪.৭৬০০.০০০.০৬.০০১.১৯.১৮

তারিখ: ১৩ চৈত্র ১৪২৮
২৭ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাননীয় সংসদ সদস্য, পাবনা-৫
২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৫) পুলিশ সুপার, পাবনা
৬) সিভিল সার্জন, পাবনা
৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, জেলা পরিষদ, পাবনা
৮) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
৯) অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
১০) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, পাবনা
১১) অধ্যক্ষ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
১২) অধ্যক্ষ, পাবনা সরকারি মহিলা কলেজ, পাবনা
১৩) উপপরিচালক , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পাবনা
১৪) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, পাবনা
১৫) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, পাবনা
১৬) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, পাবনা
১৭) উপ মহাব্যবস্থাপক, বিটিসিএল, পাবনা
১৮) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, পাবনা
১৯) প্রধান শিক্ষক, পাবনা জেলা স্কুল, পাবনা

২০) অধ্যক্ষ, পাবনা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, পাবনা

২১) ম্যানেজিং ডিরেক্টর, ক্লাউড টেকনোলজি, পাবনা

২২) জেলা প্রতিনিধি, ফাইবার এট হোম, পাবনা

২৩) উদ্যোক্তা, আতাইকুলা ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র, পাবনা

২৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা

২৫) সহকারী প্রোগ্রামার(সকল), পাবনা

সজীব সরকার
প্রোগ্রামার